

১৪৬ নং

তাল--কাওয়ালী

রাগিনী--ভূপালী

ভরা বুকো খোলা চুলে জয় হরিচাঁদ বলে

দাঁড়া' দেখি মতুয়া সন্তান ।

দম্ দম্ মার ডঙ্কা, ছিঁড়ে ফেল সব শঙ্কা,

মহা ব্যোমে উড়া' রে নিশান ॥

১। ভাবনা আর করিস কি, বেঁচে থেকে মরিস্ কি !

বড় হ'য়ে হ'লি হতমান ।

জাগো, জাগো, জাগো বীর, সোজা করে রাখ শির,

যাক্ জান্ বেঁচে থাক্ মান্ ॥

২। ঘরে কিবা আছে বল ঘর ছেড়ে দূরে চল,

ঘরে ভরা মায়ারই পাষণ ।

পাষণ ভাঙ্গিয়া চল, মুখে হরি হরি বল,

হ'য়ে তোরা সবে বীর্যমান ॥

৩। বজ্র-শক্তি নিয়ে বুকো, ঝাঁপ দিয়ে অগ্নিমুখে

হাতে ধরে ভাঙ্ মৃত্যু বাণ ।

মরণ দলিয়া পায়, নেচে নেচে চলে আয়,

জেগে উঠুক মতুয়া জয়গান ॥

৪। প্রমথরঞ্জন যিনি তোদের সহায় তিনি,

সেনাপতি শ্রীগোপালচাঁদ ।

যাদব, নকুল ধায়, বিপিন গোসাই তায়,

এঁরা সবে করিবে কল্যাণ ॥

—মহানন্দ হালদার

